

নথি নং-৫(১৩)০৪/কাস-বন্ড/ডিপ্রোমেটিক/বিবিধ/২০১৬/

তারিখ : ০১/২০২১ খ্রি:

প্রেরক : কমিশনার

প্রাপকঃ চীফ অব প্রটোকল
পররাষ্ট্র মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

বিষয় : মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত মন্ত্রিসভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সঠিক তথ্য উপাত্ত প্রনয়নের স্বার্থে ডিপ্রোমেটিক **Tax Exemption Certificate** এর অনলাইন/ হার্ডকপি প্রেরণ নিশ্চিত প্রসঙ্গে।

- সূত্রঃ
- ১। মন্ত্রীপরিষদ বিভাগ এর পত্র নং- ০৪.০০.০০০০.৩১১.০৬.১৩৫.২০.৭৬১(২), তারিখঃ ২৯/১২/২০২০ খ্রিঃ।
 - ২। সমন্বিত পত্র নং-১১৫০৪, তারিখঃ ৩০/১০/২০১৯ খ্রিঃ।
 - ৩। সমন্বিত পত্র নং-৮৯৭৫, তারিখঃ ৩০/০৭/২০২০ খ্রিঃ।
 - ৪। সমন্বিত পত্র নং-১৪২৫১, তারিখঃ ২০/১২/২০২০ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত ১ নং পত্রের মাধ্যমে গত ২৯ ডিসেম্বর ২০২০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মন্ত্রিসভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়িত গণ্য করার প্রস্তাবসমূহ অনুমোদিত হয়। অনুমোদিত প্রস্তাবসমূহের মধ্যে বিদেশী কূটনীতিকদের জন্য স্থাপিত বন্ডেড ওয়্যারহাউস-এর কার্যক্রম সংক্রান্ত তথ্যাবলী, যথাঃ-বিভিন্ন দ্রব্যাদি ক্রয়, বিক্রয়ের পরিমাণ, আহরিত শুল্ক-করাদির একটি স্বসম্পূর্ণ প্রতিবেদন প্রণয়নক্রমে প্রতিবছর মে মাসে মন্ত্রিসভায় উপস্থাপন করার নির্দেশ প্রদান করা হয়।

০৩। উপরোক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে ও ডিপ্রোমেটিক বন্ডেড ওয়্যারহাউসমূহের ব্যবস্থাপনা নিয়ন্ত্রণে স্বচ্ছতা নিশ্চিতকরণে **Tax Exemption Certificate** যাচাই করার কোন বিকল্প নেই। সূত্রোক্ত ২ নং পত্রের মাধ্যমে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক অনলাইনে আপনার দপ্তর হতে উক্ত **Tax Exemption Certificate** এ দপ্তরে প্রেরণ শুরু করা হলেও তার ধারাবাহিকতা রক্ষা করা হয়নি। ডিপ্রোমেটিক বন্ডেড ওয়্যারহাউসমূহ হতে মদ ও মদ জাতীয় পণ্য “Diplomat & Privileged Persons” গণের নিকট বিক্রয়ের ক্ষেত্রে আপনার দপ্তর হতে ইস্যুকৃত **Tax Exemption Certificate** নির্ধারিত ওয়েব সাইটে যথাসময়ে আপলোড ও **Tax Exemption Certificate** ইস্যুর পর তাৎক্ষণিকভাবে এ দপ্তরের ই-মেইল (bondcomdhk@gmail.com) এ একটি অনুলিপি প্রেরণ করার জন্য সূত্রোক্ত ৩ ও ৪ নং পত্রের মাধ্যমে ইতোমধ্যে অনুরোধ করা হয়।

০৪। এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত মন্ত্রিসভায় গৃহীত সিদ্ধান্ত (কপি সংযুক্ত) বাস্তবায়নের সহযোগিতার জন্য এবং সুষ্ঠু বন্ড ব্যবস্থাপনা নিশ্চিতকল্পে **Tax Exemption Certificate** ইস্যুর পর তাৎক্ষণিকভাবে এ দপ্তরের ই-মেইল (bondcomdhk@gmail.com) এ প্রেরণপূর্বক এর হার্ডকপি এ দপ্তরে প্রেরণ নিশ্চিতকরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০১ (এক) পাতা।



[মোঃ শওকাত হোসেন]

কমিশনার


ফোন-৯৩৪৭০০০

নথি নং-৫(১৩)০৪/কাস-বন্ড/ডিপ্রোমেটিক/বিবিধ/২০১৬/ ৭৫২ (২)

তারিখ : ০৬/০১/২০২১ খ্রি:

অনুলিপি অবগতি জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সিস্টেম এ্যানালিস্ট, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
৩. দ্বিতীয় সচিব, (শুল্কঃ রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৪. পি এ টু সদস্য, (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।


[কাজী রায়হানুজামান]
সহকারী কমিশনার